

## NUOVA VALUTAZIONE PER LIVELLI – SCUOLA PRIMARIA

### Lingua bangla

<p>অভিভাবকদের জানানো যাচ্ছে যে এই বছর থেকে রেজাল্ট কার্ডে নাম্বারের মাধ্যমে আর পরিষ্কার রেজাল্ট দেয়া হবে না বরং নিম্নোলিখিত রেটিংগুলোর মাধ্যমে রেজাল্টের রেটিং দেয়া হবে :</p>	
<p>a) In via di prima acquisizione</p>	<p>১) <b>প্রাথমিক অবস্থা</b> : ছাত্র তার স্কুলের পড়া অথবা পরিক্ষা দেয়ার সময় তা শেষ করতে পারে শুধুমাত্র যদি সেটি তার আগে থেকেই জানা / শেখা থাকে এবং যদি শিক্ষক তাকে সাহায্য করে , একা একা করতে পারে না ।</p>
<p>b) Base</p>	<p>২) <b>প্রাথমিক অবস্থার চেয়ে একটু এগিয়ে</b> : ছাত্র তার স্কুলের পড়া অথবা পরিক্ষা দেয়ার সময় তা শেষ করতে পারে যদি সেটি তার আগে থেকেই জানা / শেখা থাকে , একা একাই পারে কিন্তু সবসময় না , যদিও শিক্ষক তাকে কিছু ধারণা দেয় তারপরও তার জন্য মাঝে মাঝে কঠিন হয়ে পরে সমস্যাটির সমাধান করা ।</p>
<p>c) Intermedio</p>	<p>৩) <b>মধ্যবর্তী</b> : ছাত্র তার স্কুলের পড়া অথবা পরিক্ষা দেয়ার সময় তা নিজে নিজেই শেষ করতে পারে যদি সে সেটি সম্পর্কে আগে থেকেই অবগত থাকে ।শিক্ষকের সাহায্য নিয়ে সে নতুন কোন পড়া অথবা পরিক্ষা সহজ ভাবেই সমাধান করতে পারে কিন্তু একা একা অথবা সবসময় নয় ।</p>
<p>d) Avanzato</p>	<p>৪) <b>উন্নত</b> : ছাত্র তার স্কুলের পড়া অথবা পরিক্ষা দেয়ার সময় তা নিজে নিজেই শেষ করতে পারে যদি সে সেটি সম্পর্কে আগে থেকেই অবগত থাকে , অথবা না ও থাকে , শিক্ষকের সাহায্য সহ অথবা নিজ থেকেই সে তার নিজের পড়া প্রস্তুত করতে পারে , তার নিজের যোগ্যতা দিয়ে এবং সবসময় ।</p>